# এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

**বিষয় কোড : 1 4 3**

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　　সৃজনশীল প্রশ্ন　　　পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. আমিন একজন ফার্নিচার ব্যবসায়ী। তিনি কাঠ থেকে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে আসবাবপত্র তৈরী করেন। তার পণ্যের চাহিদার কারণে দূর দূরান্তে পণ্য পাঠাতে হয় এবং প্রচুর অর্থের প্রয়োজন হয়। এসমস্ত বাধা দূরীকরণে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলেন এবং সফল হলেন।

ক. পর্তুগীজরা চট্টগ্রামকে কী নামে ডাকতো? ১

খ. আইনগত পরিবেশ কী? উদাহরণ দাও। ২

গ. আমিন এর কাজটি ব্যবসায়ের কোন ধরনের প্রকারভেদ? বর্ণনা কর। ৩

ঘ. আমিন এর সফলতার পেছনে কিসের ভূমিকা রয়েছে- বিশ্লেষণ কর। ৪

২. রাকিব তার বন্ধুদের সাথে মিলে ১৯৯৪ সালের আইন অনুযায়ী প্রচুর অর্থ বিনিয়োগ করে একটি ব্যবসায় স্থাপনে সিদ্ধান্ত নিলেন। ব্যবসায় স্থাপনের প্রক্রিয়ায় তালিকাভুক্ত হওয়ার পর আরো কিছু আনুষ্ঠানিকতা সম্পন্ন না করার কারণে ব্যবসায় শুরু করতে দেরী হচ্ছে।

ক. অংশীদার কয় ধরনের? ১

খ. একমালিকানা ব্যবসায় সবচেয়ে জনপ্রিয় কেন? ২

গ. ব্যবসায় সংগঠন স্থাপনের ২য় ধাপটি বর্ণনা কর। ৩

ঘ. রাকিবদের ব্যবসায় শুরু করার ব্যাপারে তোমার প্রয়োজনীয় মতামত ব্যক্ত কর। ৪

৩. রাফি নতুন একটি বিনিয়োগের সিদ্ধান্ত নেয়ার সময় লক্ষ্য অর্জনের জন্য সঠিক পরিকল্পনা এবং অনেক ভেবেচিন্তে একটি কর্ম পদ্ধতি দাঁড় করালেন। তিনি এ উদ্দেশ্যে জনসংখ্যা বৃদ্ধির হার, ভোক্তাদের আয় ইত্যাদি মূল্যায়ন করলেন কিন্তু কাঙ্ক্ষিত সফলতা পেলেন না।

ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. প্রকল্প কী? বর্ণনা কর। ২

গ. রাফি এর প্রকল্প মূল্যায়নের কাজটি বর্ণনা কর। ৩

ঘ. তুমি কি মনে কর রাফি প্রকল্প মূল্যায়নের সঠিক পথে রয়েছে? মতামত দাও। ৪

http://teachingbd.com

৪. জনাব লাবু টাঙ্গাইল শহরের একজন প্রসিদ্ধ ব্যবসায়ী। ব্যবসায় পরিচালনার সময় তিনি নির্দিষ্ট ছক করে উপকরণসমূহ একত্র করেন এবং সে অনুযায়ী লোক নিয়োগ করেন। সর্বোপরি তার কঠোর নিয়ন্ত্রণ তাকে সফলতা এনে দিয়েছে। তিনি কাজের সময় অধস্তনদের সাথে আলোচনা করেন এবং জবাবদিহিতা নিশ্চিত করেন।

ক. ব্যবস্থাপনার জনক কে? ১

খ. কর্মীসংস্থান কাকে বলে? ২

গ. ব্যবসায়ী হিসেবে লাবুর কাজটি কী? বর্ণনা কর। ৩

ঘ. উপযুক্ত নেতৃত্বই পারে একটি ব্যবসাকে সফল করতে- উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. ধান ব্যবসায়ী আজিম তার পণ্য বণ্টনের ক্ষেত্রে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেন। ব্যবসায়ের পণ্য আনানেয়া করতে গিয়ে তিনি সমস্যার সম্মুখীন হন। যেমন স্থানগত উপযোগের বিষয়টি। তিনি ব্যবসায়ের সমৃদ্ধির জন্য এ সমস্ত বাধা দূরীকরণে সচেষ্ট হলেন।

ক. উৎপাদনকারী ও ভোক্তার মধ্যে সেতুবন্ধ হিসেবে কাজ করে কী? ১

খ. বিক্রয়িকতা বলতে কী বোঝায়? ২

গ. জনাব আজিমের পণ্য বণ্টনের পদ্ধতি চিত্র এঁকে প্রদর্শন কর। ৩

ঘ. পণ্য বিপণনের সমস্যা কাটিয়ে উঠার জন্য জনাব আজিমকে প্রয়োজনীয় পরামর্শ দাও। ৪

৬. ব্যবসায়ের ঝুঁকি আছে জেনেও মুন্না ব্যবসায় চালিয়ে যাচ্ছেন। তিনি ঝুঁকি এড়ানোর জন্য একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হলেন। তার উৎপাদিত পণ্যের বাজার চাহিদা বেশী থাকায় তিনি লক্ষ্য করলেন, কেউ কেউ একই রকম পণ্য বাজারে ছাড়ছেন। মুন্না তার পণ্য নিয়ে নিশ্চিত।

ক. বীমা কয় প্রকার? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কাকে বলে? বর্ণনা দাও। ২

গ. ঝুঁকি এড়ানোর জন্য মুন্নার পদক্ষেপটি কী? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উদ্ভূত পরিস্থিতি থেকে উত্তরণের ব্যাপারে তোমার মতামত প্রদর্শন কর। ৪

http://teachingbd.com

৭. জনাব সায়েম ছোট চাকরি করেন। সেখানে অনেক বেশী পরিশ্রম কিন্তু বেতন কম। স্কুলে পড়ার সময় শিক্ষক তাকে বলেছিলেন, কোন কাজই ছোট না। শিক্ষকের সেই কথা মনে পড়ায় তিনি চাকরি ছেড়ে নিজের মেধা, দক্ষতা ও অল্প পুঁজিকে সম্বল করে মাটির তৈরি বিভিন্ন শোপিস এর ব্যবসায় নামলেন।

ক. জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান শতকরা কত ভাগ? ১
খ. NGO কী? বর্ণনা কর। ২
গ. জনাব সায়েম এর পেশাটি কী? বর্ণনা কর। ৩
ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে সায়েম এর মতো পেশায় আরো বেশী এগিয়ে আসা উচিত-মন্তব্য কর। ৪

৮. দেবজিৎ ২০ কোটি টাকা ব্যয়ে একটি কারখানা স্থাপন করলেন। যেখানে ১২০ জন শ্রমিক কাজ করে। তার প্রতিষ্ঠানে পাট ও পাটজাত দ্রব্য তৈরী হয়। তার বন্ধু রবি এরকম কারখানা স্থাপন করতে চান কিন্তু নানা আধুনিকায়নের কথা বিবেচনা করে পিছিয়ে যান।

ক. জাতীয় শিল্পনীতি কত সালে ঘোষিত হয়? ১
খ. সেবা শিল্প কাকে বলে? বর্ণনা দাও। ২
গ. জনাব দেবজিৎ এর শিল্পটি কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. জনাব রবির মত অনেকেই এ ব্যবসায় এগিয়ে আসার জন্য কী পদক্ষেপ গ্রহণ করবে? মতামত দাও। ৪

৯. জনাব হামিদ সৎভাবে ব্যবসায় পরিচালনা করেন। তিনি পণ্যের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য রাখেন এবং ক্রেতাদের পণ্য সম্পর্কে বিভিন্ন ধরনের পরামর্শ দেন। তিনি আরও মনে করেন, ব্যবসায়ী হিসেবে সমাজের প্রতি তার দায়িত্ব রয়েছে এবং জনগণ ও ব্যবসায়ী উভয় পক্ষের স্বার্থ রক্ষা করেই ব্যবসা পরিচালনা করা উচিত।

ক. স্কয়ার গ্রুপের প্রতিষ্ঠাতার নাম কী? ১
খ. নৈতিকতা বলতে কী বোঝায়? বর্ণনা কর। ২
গ. জনাব হামিদ এর মধ্যে ব্যবসায়ী হিসেবে কোন দায়বদ্ধতা লক্ষ্য করা যায়? বর্ণনা দাও। ৩
ঘ. "তুমি কি জনাব হামিদের বক্তব্য সমর্থন কর" যুক্তি দাও। ৪

http://teachingbd.com

# ব্যবসায় উদ্যোগ : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড : 1 4 3

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **উৎপাদনের বাহন বলা হয় কাকে?**
ক শিল্প    খ বাণিজ্য
গ ব্যবসায়    ঘ প্রত্যক্ষ সেবা

২. **হ্যাচারি কোন শিল্পের অন্তর্গত?**
ক প্রজনন    খ নির্মাণ
গ উৎপাদন    ঘ নিষ্কাশন

৩. **ভূগর্ভস্থ প্রাকৃতিক সম্পদ আহরণ করা হয় কোন শিল্পের মাধ্যমে?**
ক প্রজনন শিল্প    খ নিষ্কাশন শিল্প
গ নির্মাণ শিল্প    ঘ উৎপাদন শিল্প

৪. **"সপ্তগ্রামের" আন্তর্জাতিক বাণিজ্য কোন দুটি নদীর মাধ্যমে সংঘটিত হতো?**
ক পদ্মা ও ভাগিরথী    খ সরস্বতী ও মেঘনা
গ ভাগিরথী ও যমুনা    ঘ ভাগিরথী ও সরস্বতী

৫. **একজন সফল উদ্যোক্তা সিদ্ধান্ত নেন কীভাবে?**
ক পরিকল্পনার মাধ্যমে
খ বিশ্লেষণের মাধ্যমে
গ গবেষণার মাধ্যমে
ঘ বিচার বিশ্লেষণের মাধ্যমে

৬. **একটি দেশে নতুন নতুন শিল্প স্থাপনের মাধ্যমে নিচের কোনটি বৃদ্ধি পায়?**
ক অর্থ    খ দক্ষতা
গ আয়    ঘ বিনিয়োগ

৭. **নিচের কোনটি ব্যবসায় উদ্যোক্তার গুণাবলী?**
ক মুনাফা অর্জন    খ সংবেদনশীলতা
গ সামাজিক দায়বদ্ধতা    ঘ সম্পদ সৃষ্টি করা

৮. **টাটা কোন দেশের কোম্পানী?**
ক ভারত    খ ইংল্যান্ড
গ আমেরিকা    ঘ বাংলাদেশ

৯. **রতন আত্মকর্মসংস্থানে নিয়োজিত। প্রথম দিকে তার প্রাপ্ত আয়—**
i. সীমিত
ii. অসীম
iii. অনিশ্চিত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
সালমা বেগম যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে কর্মসংস্থান ব্যাংকের সহায়তায় তার নিজ এলাকায় একটি নার্সারী স্থাপনের মাধ্যমে কর্মজীবন শুরু করে সফলতা পান।

১০. **সালমা বেগমের কাজটি কোন ধরনের কর্মসংস্থান?**
ক উদ্যোগ    খ ব্যবসায় উদ্যোগ
গ আত্মকর্মসংস্থান    ঘ ব্যবসায়

১১. **সালমা বেগমের সফলতা লাভের কারণ—**
i. প্রশিক্ষণের সুযোগ
ii. পুঁজির প্রাপ্যতা
iii. ব্যক্তিগত দক্ষতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১২. **যুব প্রশিক্ষণ কেন্দ্র কোন মন্ত্রণালয়ের অধীন?**
ক মহিলা বিষয়ক    খ স্বাস্থ্য
গ যুব ও ক্রীড়া    ঘ শিক্ষা

১৩. **সীমিত দায় কথাটির তাৎপর্য কী?**
ক কোম্পানীর দায়িত্ব সীমিত
খ কোম্পানির সদস্যদের দায় সীমিত
গ ব্যবসায়ের সদস্যদের দায় তাদের ক্রয়কৃত শেয়ারের মূল্য দ্বারা সীমিত
ঘ ব্যবসায়ের সদস্যদের দায় যৌথভাবে সীমিত

১৪. **সমবায়ের শাব্দিক অর্থ কী?**
ক একক প্রচেষ্টা    খ উদ্যোগ
গ সম্মিলিত উদ্যোগ    ঘ স্বেচ্ছা দায়

১৫. **অংশীদারী ব্যবসায় নিবন্ধনের আবেদনপত্রকে পরীক্ষা-নিরীক্ষা করান কে?**
ক সরকার    খ পৌরসভার মেয়র
গ স্থানীয় চেয়ারম্যান    ঘ নিবন্ধক

১৬. **অংশীদারী ব্যবসায়ের সফলতা নির্ভর করে কিসের ওপর?**
ক পর্যাপ্ত মূলধন
খ পারস্পরিক আস্থা ও বিশ্বাস
গ দক্ষ পরিচালনা
ঘ নিবন্ধন

১৭. **বাংলাদেশে কত সালের অংশীদারী আইন প্রচলিত?**
ক ১৯২৩ সাল    খ ১৯২১ সাল
গ ১৯৩২ সাল    ঘ ১৯৩৯ সাল

Teachingbd.com

http://teachingbd.com

১৮. জীবন বিমার অর্থ ফেরত দেয়া হয়–
i. নির্দিষ্ট সময় পর
ii. বিমাগ্রহীতার চাহিদা অনুসারে
iii. বিমাগ্রহীতার মৃত্যুতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৯. মেধাসম্পদ দিবস কত তারিখে পালিত হয়?
ⓚ ২২শে এপ্রিল ⓛ ২৩শে এপ্রিল
ⓖ ২৪শে এপ্রিল ⓘ ২৬শে এপ্রিল

২০. বর্তমান কোন পদ্ধতিতে ব্যবসায় স্থাপন ও পরিচালনা অধিক জনপ্রিয় হয়ে উঠেছে?
ⓚ ফ্রানসাইজিং ⓛ ইউনিটি
ⓖ একমালিকানা ⓘ সমবায়

২১. ট্রেডমার্ক এর মূল বিষয় কী?
ⓚ পণ্যের বিজ্ঞাপন ⓛ পণ্যের মোড়ক
ⓖ পণ্যের স্বতন্ত্রতা ⓘ পণ্যের পর্যায়িতকরণ

২২. নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান হচ্ছে–
ⓚ BTTB ⓛ BASIC
ⓖ FBCCI ⓘ BSTI

২৩. নগদান প্রবাহ বিবরণী সংরক্ষণ করা হয়–
ⓚ দৈনিক ⓛ ত্রৈমাসিক
ⓖ ষান্মাসিক ⓘ বার্ষিক

২৪. উৎপাদনমুখী ক্ষুদ্র শিল্পে জমি ও কারখানা ব্যতিরেকে ন্যূনতম প্রতিস্থাপন ব্যয় কত হবে?
ⓚ ৫ লক্ষ ⓛ ২৫ লক্ষ
ⓖ ৫০ লক্ষ ⓘ ৭৫ লক্ষ

২৫. কর্মীদের আন্তঃব্যক্তিক সম্পর্ক ও যোগাযোগ নির্দেশ করে কোনটি?
ⓚ পরিকল্পনা ⓛ সংগঠিতকরণ
ⓖ নির্দেশনা ⓘ ব্যবস্থাপনা

২৬. ব্যবস্থাপনার সর্বশেষ কাজ–
ⓚ পরিকল্পনা ⓛ নির্দেশনা
ⓖ প্রেষণা ⓘ নিয়ন্ত্রণ

২৭. কোন নেতৃত্বে নেতাকর্মীদের ওপর দায়িত্ব দিয়ে নিশ্চিত থাকে?
ⓚ গণতান্ত্রিক ⓛ স্বৈরতান্ত্রিক
ⓖ মুক্ত ⓘ আমলাতান্ত্রিক

২৮. নেতৃত্বের প্রকারভেদ কয়টি?
ⓚ ২টি ⓛ ৩টি
ⓖ ৪টি ⓘ ৫টি

২৯. বিক্রয়কর্মীর সুন্দর হাসি কোন ধরনের গুণাবলি?
ⓚ শারীরিক ⓛ মানসিক
ⓖ নৈতিক ⓘ অন্যান্য

৩০. সরাসরি অর্থ প্রদত্ত ও খরচনির্ভর বিপণন প্রসার কৌশল কোনটি?
ⓚ বিজ্ঞাপন ⓛ ব্যক্তি বিক্রয়
ⓖ প্রচার ⓘ বিক্রয় প্রসার

৩১. নিরাময় ফার্মা কোন ধরনের বিজ্ঞাপন মাধ্যম ব্যবহার করবে?
ⓚ বিজ্ঞাপনি ফলক ⓛ পরিবহন
ⓖ নমুনা ⓘ প্রচারপত্র

৩২. পণ্য বণ্টন প্রণালির শুরুতে থাকে কে?
ⓚ পাইকার ⓛ উৎপাদক
ⓖ খুচরা ব্যবসায়ী ⓘ ভোক্তা

৩৩. ব্যবসায়ের ধরন অনুযায়ী এসএমই খাতে সর্বনিম্ন ঋণসীমা কত?
ⓚ ১০ হাজার ⓛ ৫০ হাজার
ⓖ ১ লক্ষ ⓘ ৫ লক্ষ

৩৪. ব্র্যাক কত সালে প্রতিষ্ঠিত হয়?
ⓚ ১৯৭০ ⓛ ১৯৭১
ⓖ ১৯৭২ ⓘ ১৯৭৩

■ নিচের উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :
জনাব শামীম কোন কাজ করার পূর্বে ভবিষ্যৎ সম্পর্কে আগাম কিছু চিন্তাভাবনা করে কাজ করেন। যা অন্যান্য পরিচালনা ও বাস্তবায়নের ভিন্নতা হিসেবে কাজ করে।

৩৫. জনাব শামীমের ভবিষ্যৎ সম্পর্কে আগাম চিন্তাভাবনাকে কী বলে?
ⓚ ব্যবসায় . ⓛ ব্যবস্থাপনা
ⓖ একতা ⓘ পরিকল্পনা

৩৬. জনাব শামীমের আগাম চিন্তাভাবনার সুবিধা হলো–
i. সঠিক পথনির্দেশনা
ii. সুষ্ঠু ব্যবস্থাপনা
iii. ব্যবসায়ের সফলতা অর্জন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৭. সম্ভাব্য উদ্যোক্তাদের স্বল্প সুদে ঋণদান করে কোন প্রতিষ্ঠান?
ⓚ বিসিক ⓛ বাংলাদেশ ব্যাংক
ⓖ ফিন্যান্স কোম্পানী ⓘ যুব উন্নয়ন অধিদপ্তর

৩৮. কোনটি সমর্থনমূলক সহায়তার বৈশিষ্ট্য?
ⓚ পুঁজির সংস্থান
ⓛ পরামর্শ দান
ⓖ ব্যবসায়ের কার্যক্রম পরিচালনা
ⓘ অনুপ্রেরণামূলক প্রশিক্ষণ

৩৯. ক্ষতিকর পণ্য উৎপাদন ও বিপণন থেকে বিরত না থাকা কিসের অভাব?
ⓚ ব্যবসায়িক নৈতিকতা ⓛ সামাজিক মূল্যবোধ
ⓖ মানবতা ⓘ সামাজিক প্রথা

৪০. ইথস [Ethus] শব্দটি উদ্ভব হয়েছে কোন ভাষা থেকে?
ⓚ ইংরেজি ⓛ গ্রিক
ⓖ বাংলা ⓘ হিন্দি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক |
| ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | খ |

http://teachingbd.com